



মার্কিন নাগরিকদের কাগজপত্রবিহীন জীবনসঙ্গীর জন্য বৈধভাবে অবস্থানের অস্থায়ী অনুমতি

18 জুন, 2024-এ, ফেডারেল সরকার মার্কিন নাগরিকদের বৈধ কাগজপত্রবিহীন স্বামী/স্ত্রী এবং তাদের সন্তানদের জন্য Parole-in-Place নামে একটি নতুন কর্মসূচি ঘোষণা করেছে। এই কর্মসূচিটি যোগ্য ব্যক্তিদের মার্কিন যুক্তরাষ্ট্র ত্যাগ না করেই গ্রিন কার্ডের জন্য আবেদন করার অনুমতি দেয়। আবেদনটি 19 আগস্ট, 2024 এ উন্মুক্ত হবে বলে আশা করা হচ্ছে।



আপনি এই কর্মসূচির জন্য 19 আগস্ট, 2024 পর্যন্ত আবেদন করতে পারবেন না। এর আগে জমা দেওয়া যেকোনো আবেদন ফেডারেল সরকার প্রত্যাখ্যান করবে। আপনি যদি এই প্রক্রিয়ায় আগ্রহী হন তাহলে my.uscis.gov-এ আপনার myUSCIS অ্যাকাউন্ট তৈরি বা হালনাগাদ করার কথা বিবেচনা করুন।

Parole in Place কী?

-Parole in Place একটি বিশেষ কর্মসূচি যা আপনাকে বৈধভাবে এ দেশে থাকার অনুমতি দেয়, এমনকি যদি আপনি অনুমতি ছাড়াই প্রবেশ করে থাকেন। এই কর্মসূচিটি বর্তমানে মার্কিন সামরিক কর্মকর্তাদের পরিবারের নির্দিষ্ট সদস্যরা পাচ্ছেন, তবে রাষ্ট্রপতি Biden-এর ঘোষণার পরে, মার্কিন নাগরিকদের নির্দিষ্ট কিছু বৈধ কাগজপত্রবিহীন স্বামী/স্ত্রী এবং তাদের সন্তানরা আবেদন করতে পারবেন।

এই নতুন ঘোষণা আমার জন্য কী অর্থ বহন করে?

প্যারোলের জন্য অনুমোদিত ব্যক্তির নিবাসন এড়াতে পারেন এবং মার্কিন যুক্তরাষ্ট্র ত্যাগ করা ছাড়াই গ্রিন কার্ডের জন্য আবেদন করতে পারেন। এই কর্মসূচি আপনার আইনগত মর্যাদা পাওয়ার বিষয়টি স্থির করা পর্যন্ত আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রে থাকার অস্থায়ী অনুমতি দেয়।

অনুমোদন পেলে, আপনাকে 3 বছরের জন্য প্যারোল দেওয়া হবে। এই সময়ের মধ্যে আপনি মার্কিন যুক্তরাষ্ট্র ত্যাগ না করেই ওয়ার্ক পারমিটের জন্য আবেদন করতে এবং গ্রিন কার্ডের জন্য আবেদন করতে পারবেন।

যোগ্যতার শর্তাবলী

Pএই নতুন কর্মসূচির জন্য যোগ্য বিবেচিত হওয়ার জন্য আপনাকে অবশ্যই:

- 17 জুন, 2024 পর্যন্ত 10 বছর বা তার বেশি সময় ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করতে হবে,
- 17 জুন, 2024 তারিখের মধ্যে একজন মার্কিন নাগরিককে আইন সম্মত বিয়ে করতে হবে অথবা একজন মার্কিন নাগরিকের সাথে বিবাহিত ব্যক্তির সন্তান হতে হবে এবং
- অযোগ্য বলে বিবেচিত হওয়ার মতো অপরাধমূলক কোনও কর্মকাণ্ডের ইতিহাসবিহীন হতে হবে।

আমার কী কী কাগজপত্র লাগবে?



-প্রমাণ স্বরূপ আপনার নিম্নলিখিত কাগজপত্রগুলো লাগবে:

- আপনার শনাক্তকরণের জন্য- আপনার নাম, জন্মতারিখ এবং ছবিসহ যেকোনো দলিল।
যেমন: পাসপোর্ট বা জন্ম সনদ।
- 17 জুন, 2024 পর্যন্ত 10 বছর যাবত আপনি মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন তার প্রমাণ।
যেমন: ব্যাল্ক স্টেটমেন্ট, বেতনের স্লিপ, ফেডারেল আয়কর রিটার্ন, লিজ চুক্তি, চাকরির চিঠি, স্কুল রেকর্ড এবং চিকিৎসা-সংক্রান্ত রেকর্ড
- আপনি 17 জুন, 2024 তারিখের পূর্বে একজন মার্কিন নাগরিককে বিয়ে করেছেন তার প্রমাণ,
যেমন: বিবাহের সনদ, বিবাহের লাইসেন্স
- আপনার স্বামী/স্ত্রী যে একজন মার্কিন নাগরিক তার প্রমাণ। যেমন: পাসপোর্ট, জন্ম সনদ, বা নাগরিকত্ব সনদ
 - শিশুদের জন্য প্রয়োজনীয় প্রামাণিক কাগজপত্র:
 - তারা 17 জুন, 2024 পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছে।
 - তাদের পিতা বা মাতার মার্কিন নাগরিকের সাথে বিয়ে হয়েছে। উপরে দেখুন।



1-800-354-0365

'এই ফ্ল্যাগারে যে তথ্য রয়েছে, তা আইনি পরামর্শ নয়। **সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টা পর্যন্ত** MOIA অভিবাসন আইনি সহায়তা হটলাইনে ফোন করে আইনি সহায়তা নিন।